কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিচালকের কার্যালয়
বীজ প্রত্যয়ন এজেন্সী
গাজীপুর-১৭০১
www.sca.gov.bd

নং-১২.৮০৬.০২২.০১.০০.০১৮.২০১১.১৫৮(২০) তারিখ ঃ ০২/০২/২০১৬ খ্রিঃ

সম্মানিত সদস্যগণের সদয় অবগতি ও কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য গত ১১ জানুয়ারী ২০১৬ সোমবার সকাল ১০.৩০ ঘটিকায় অনুষ্ঠিত জাতীয় বীজ বোর্ডের কারিগরী কমিটি এর বিশেষ সভার কার্যবিবরণী এতদসংগে প্রেরণ করা হলো ।

সংযুক্ত : ৯ পৃষ্ঠা।

(মোঃ সোলায়মান আলী)
পরিচালক (ভারপ্রাপ্ত)
ফোন ঃ ৯২৬৩৫১২
ই-মেইলঃ dir@sca.gov. bd

বিতরণঃ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

| | | |
|---|---|---|
| ১। | নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ফার্মগেট, ঢাকা -১২১৫। | সভাপতি |
| ২। | বিভাগীয় প্রধান, কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ। | সদস্য |
| ৩। | বিভাগীয় প্রধান, কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন বিভাগ, বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান,কৃষি বিশ্ববিদ্যালয়, সালনা, গাজীপুর। | সদস্য |
| ৪। | পরিচালক, বাংলাদেশ ইক্ষু গবেষণা ইনস্টিটিউট, ঈশ্বরদী, পাবনা। | সদস্য |
| ৫। | পরিচালক (সরেজমিন) কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ঢাকা-১২১৫। | সদস্য |
| ৬। | পরিচালক (কৃষি) বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট, ঢাকা-১২১৫। | সদস্য |
| ৭। | পরিচালক (গবেষণা) বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর-১৭০১। | সদস্য |
| ৮। | পরিচালক (গবেষণা) বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর-১৭০১। | সদস্য |
| ৯। | সদস্য পরিচালক (শস্য), বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ফার্মগেট, ঢাকা-১২১৫। | সদস্য |
| ১০। | মহাব্যবস্থাপব (বীজ), বিএডিসি, কৃষিভবন, ৪৯-৫১, দিলকুশা বানিজ্যিক এলাকা, ঢাকা-১০০০। | সদস্য |
| ১১। | পরিচালক (গবেষণা) বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ। | সদস্য |
| ১২। | প্রধান বীজ তত্ত্ববিদ, বীজ উইং, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা -১০০০। | সদস্য |
| ১৩। | কটন এগ্রোনমিষ্ট, তুলা গবেষণা প্রশিক্ষণ ও বীজ বর্ধন খামার, শ্রীপুর, গাজীপুর। | সদস্য |
| ১৪। | সভাপতি বাংলাদেশ সীড এসোসিয়েশন, ১৪৫ ছিদ্দিক বাজার ১ম ফ্লোর, সিটি ষ্টেইট এনএ, জীপ কোড, ১০০০, ঢাকা। | সদস্য |
| ১৫। | জনাব ফজলুল হক সরকার (হান্নান), কৃষক প্রতিনিধি, ৫/৩ এ মনিপুরী পাড়া, ঢাকা-১২১৫। | সদস্য |
| ১৬। | ------------------------------------------------------------------ । | |

অবগতি ও সদয় কার্যার্থে অনুলিপিঃ

মহা-পরিচালক, বীজ উইং ও সদস্য সচিব, জাতীয় বীজ বোর্ড, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।

D.Drive Forwarding TCM Meting Copy-75

# কারিগরী কমিটি, জাতীয় বীজ বোর্ড এর বিশেষ সভার কার্যবিবরণী

কারিগরি কমিটি, জাতীয় বীজ বোর্ড এর বিশেষ সভা ১১ জানুয়ারী, ২০১৬ সকাল ১০.৩০ ঘটিকায় ড: আবুল কালাম আযাদ, নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি ও চেয়ারম্যান, কারিগরি কমিটি, জাতীয় বীজ বোর্ড এর সভাপতিত্বে বিএআরসি'র ১নং সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। সভাপতি মহোদয় আলোচ্যসূচী অনুযায়ী সভার কাজ শুরু করার জন্য জনাব মো: সোলায়মান আলী, পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী ও সদস্য সচিব, কারিগরি কমিটি, জাতীয় বীজ বোর্ড, গাজীপুরকে অনুরোধ জানান। পরিচালক মহোদয় নববর্ষের শুভেচ্ছা জানিয়ে আলোচ্যসূচী অনুযায়ী সভার কার্যপত্র উপস্থাপন করেন। সভায় উপস্থিত সদস্য, কর্মকর্তা ও বিভিন্ন প্রতিষ্ঠানের প্রতিনিধিগণের তালিকা পরিশিষ্ট "ক" এ দেয়া হলো।

**আলোচ্য বিষয় ১: কারিগরী কমিটি, জাতীয় বীজ বোর্ডের ৮১ তম সভার কার্যবিবরণী অনুমোদন।**

কারিগরি কমিটি, জাতীয় বীজ বোর্ডের ৮১ তম সভা ১৪ অক্টোবর, ২০১৫ দুপুর ২.৩০ ঘটিকায় ড: আবুল কালাম আযাদ, নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি ও চেয়ারম্যান, কারিগরি কমিটি, জাতীয় বীজ বোর্ড এর সভাপতিত্বে বিএআরসির ১নং সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী বীজ প্রত্যয়ন এজেন্সীর ২০/১০/২০১৫ খ্রি: তারিখের ২০৭৬(২৫) সংখ্যক স্মারকের মাধ্যমে কমিটির সকল সদস্যের নিকট বিতরণ করা হয়। কোন সদস্যের নিকট থেকে কোন মন্তব্য বা মতামত না পাওয়ায় অদ্যকার সভায় ঐক্যমতের ভিত্তিতে কার্যবিবরণী পরিসমর্থনের পক্ষে মতামত প্রকাশ করেন।

**সিদ্ধান্ত ঃ কারিগরি কমিটি, জাতীয় বীজ বোড এর ৮১তম সভার কার্যবিবরণীটি সর্ব সম্মতিক্রমে পরিসমর্থিত হলো।**

**আলোচ্য বিষয় ২ঃ বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের কন্দাল ফসল গবেষণা কেন্দ্র কর্তৃক প্রস্তাবিত আলুর ৪টি (চার) জাত যথাক্রমে ক) Flamenco, খ) Crips 4 all, গ) Destiny এবং ঘ) Dolly এর রিপোর্ট পর্যালোচনা।**

জনাব মো: সোলায়মান আলী, পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর বলেন জাতীয় বীজ বোর্ডের সিদ্ধান্ত মোতাবেক এই বিশেষ সভার আয়োজন করা হয়েছে। কন্দাল ফসল গবেষণা কেন্দ্র কর্তৃক প্রস্তাবিত আলুর ০৪(চার)টি জাতের মাঠ মূল্যায়ন দল কর্তৃক প্রদত্ত ফলাফল পাওয়ার পয়েন্টের মাধ্যমে সমস্ত সদস্যবৃন্দের নিকট নিম্ন ছক মোতাবেক উপস্থাপন করা হয়।

| ক্র:নং | প্রস্তাবিত জাত/ লাইনের নাম | উৎস | মুল কোম্পানী এবং স্থানীয় কোম্পানী | গড় ফলন টন/হে: | | পোকামাকড় ও রোগবালাই % | বিশেষ বৈশিষ্ট্য | মাঠ মূল্যায়ন দলের মতামত পক্ষে/ বিপক্ষে | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | প্রস্তাবিত জাত | চেক জাত | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১ | Flamenco | নেদারল্যান্ড | HZPC কোম্পানী, M/S Blue-moon International | ৩৮.৭ | কার্ডিনাল ৩৮.৭৯ এসটেরিক্স ২৯.০১ | CS-1.2-3.0, CW-0.34-3.69 PLRV-25.5, LB-2.82 | খাবার আলু | ৬টি পক্ষে | ফলন বেশী |
| ২ | Crips 4 all | নেদারল্যান্ড | HZPC কোম্পানী, M/S Blue-moon International | ২৫.৩ | লেডিরোসেটা ২৫.৩ | CS-1.27-11.78, CW-0.48-6.35, SR-2.77, PVY-0.55, PLRV 3.88 | প্রক্রিয়া-জাতকরণ | ১টি পক্ষে ৫টি বিপক্ষে | ফলন কমও রোগ পোকার আক্রমন বেশী এবং প্রক্রিয়াকরণ জাত হিসেবে ড্রাইমেটার অপেক্ষাকৃত কম |
| ৩ | Destiny | নেদারল্যান্ড | AGRICOকোম্পানী, A.R.Malik Company(Pvt.) Ltd. | ৩১.৯ | লেডিরোসেটা ২৫.৩ | CS-0.46-4.1, CW-0.28-7.3, SR-0.55, PLRV- 23 | প্রক্রিয়া-জাতকরণ | ৪টি পক্ষে ২টি বিপক্ষে | চেকেবর চেয়ে ড্রাইমেটারের পরিমাণ কম। |
| ৪ | Dolly | ফ্রান্স | GERMICOPA কোম্পানী, Global Agro Resources Incorporation | ২৯.৪ | লেডিরোসেটা ২৫.৩ | CS-0.8-4.57, CW-1.61-15.35, SR-0.55, PLRV- 6.6 | প্রক্রিয়া-জাতকরণ | ৩টি পক্ষে ৩টি বিপক্ষে | ফলন কম এবং প্রক্রিয়াকরণ জাত হিসেবে ড্রাইমেটার অপেক্ষাকৃত কম |

N.B-LB= Late, Blight, CS = Common scab, CW=Cut Worm, SR= Stem Rot, PLRV=Potato Leaf Roll Virus

আলোচনার শুরুতেই সভাপতি মহোদয় আলুর ৪টি জাত ছাড়করণের বিষয়ে উপস্থিত সদস্যদের মতামত আহবান করেন। জনাব মানিক চন্দ্র কর্মকার, সহকারী বীজতত্ত্ববিদ, বীজ উইং বলেন যে, আলুর Flamenco জাতের মাঠ মূল্যায়ন প্রতিবেদনে দেখা যায় শুধুমাত্র যশোর অঞ্চলে PLRV আক্রমন ২৫.৫%। কিন্তু অন্য কোন অঞ্চলে এ বিষয়ে কোন তথ্য নেই।

ড. মোঃ রেজাউল করিম, যুগ্মপরিচালক বিএডিসি, ঢাকা বলেন যে, ২৫.৫% PLRV রোগের আক্রমন হলে ফলন বেশী হলো কিভাবে ? এ প্রেক্ষিতে জেলা বীজ প্রত্যয়ন অফিসার যশোর, জনাব পরেশ কুমার রায় বলেন যে, এই তথ্য ৬৫ দিন জীবনকালের পরে নেয়া হয়েছে এ জন্যে ফলনের উপর কোন প্রভাব পড়ে নাই। যশোর ছাড়া অন্য কোন অঞ্চলে PLRV ডাটা উপস্থাপিত হয় নাই কিন্তু অন্যান্য অঞ্চলেও PLRV আক্রমন থাকতে পারে। জনাব চৈতন্য কুমার দাস, পরিচালক, সরেজমিন উইং, ডিএই, এবং ড. মোঃ আমজাদ হোসেন, পরিচালক (গবেষণা), বিএস আরআই, PLRV ডাটা পর্যবেক্ষণের জন্য সকল অঞ্চলে আরো এক বছর ট্রায়াল করার পক্ষে মতামত দেন। ড.রহিমা খাতুন,পরিচালক (কৃষি), বিজেআরআই এবং জনাব ড. মোঃ আজিজ জিলানী চৌধুরী, সদস্য পরিচালক(শস্য) বিএআরসি, ছাড়করণের পক্ষে মত দেন । এ প্রসংগে জনাব উমাকান্ত সরকার, বিভাগীয় প্রধান, বিএসএমএইউ বলেন, বিভিন্ন অঞ্চলের মধ্যে এ জাতটির ফলন পার্থক্য অনেক বেশী । অর্থাৎ ফলন স্ট্যাবল নয়, এছাড়া বিশেষ কোন বৈশিষ্ট্যও নেই। তাই আরো এক বছর ট্রায়াল করা যেতে পারে। যুগ্ম পরিচালক, বিএডিসি, ড মোঃ রেজাউল করিম জানান যে, বীজ বপনের ৮০ দিন পর সংগৃহিত PLRV এর তথ্যের কোন মুল্য নেই এবং ফলনের উপরও কোন প্রভাব থাকবে না। মহা ব্যবস্থাপক (বীজ), বিএডিসি, জনাব মোঃ আমিনুল ইসলাম জানান যে, এ জাতের মূল্যায়নে মূল্যায়নদলের ৬টি অঞ্চলেই পক্ষে মতামত আছে এবং PLRV ম্যানেজমেন্টের মাধ্যমে নিয়ন্ত্রণ করা সম্ভব । তাই এ জাতটি ছাড় করা যেতে পারে। এ বিষয়ে নির্বাহী পরিচালক, সীড এসোসিয়েশন জনাব মোঃ আব্দুল আজিজ জাতটি ছাড়করণের পক্ষে মতামত দেন। পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী, জনাব মোঃ সোলায়মান আলী বলেন, যশোর অঞ্চলের মুল্যায়ন দলের প্রতিনিধির ব্যাখ্যার প্রেক্ষিতে এ জাতটি ছাড়করণের সুপারিশ করা যেতে পারে।

সভাপতি মহোদয় Crips 4 all আলুর জাতটিতে Dry matter content সম্পর্কে জানতে চাইলে পিএসও, টিসিআরসি, বারি, ড.বিমল কুন্ডু জানান, জাতটিতে Dry matter এর পরিমাণ ২০.১% যা চেকজাত কার্ডিনালের চেয়ে কম (২০.৪২%)। যেহেতু ফলন কম, Dry matter পরিমাণও কম, তাই জাতটি ছাড়করণের বিপক্ষে সকলে মতামত প্রদান করেন। আলুর **Destiny** জাতটি সম্পর্কে পর্যালোচনায় দেখা যায় এর Dry matter এর পরিমাণ ২০.০৫% অপর দিকে চেকজাত লেডিরোসেটায় Dry matterএর পরিমাণ ২১.২৫%, যা চেকজাতের চেয়ে কম তাই প্রক্রিয়াকরণ জাত হিসেবে জাতটি ছাড়করণের বিপক্ষে উপস্থিত সদস্যগণ মতামত প্রদান করেন। সভাপতি মহোদয় আলুর Dolly জাতটিতে Dry matter content সম্পর্কে জানতে চাইলে ড.বিমল কুন্ডু জানান, জাতটিতে Dry matter এর পরিমাণ ২১.৬৭% যা চেকজাত লেডিরোসেটা অপেক্ষা সামান্য বেশী (২১.২৫%)। এ জাত সম্পর্কে মূল্যায়নদল কর্তৃক ৩টি স্থানে বিপক্ষে মতামত দেয়া হয়েছে। সভায় কমিটির সদস্যগণ জাতটি ছাড়করণের বিপক্ষে মত দেন। পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী বলেন যে, আলুর জাত ছাড়করণের জন্য সুনির্দিষ্ট গাইড লাইন তৈরী করা প্রয়োজন, এ সম্পর্কে সচিব মহোদয়ের নির্দেশনা রয়েছে।

এ প্রেক্ষিতে সভাপতি মহোদয় ১০ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠনের প্রস্তাব করেন এবং ফলনের পরিমাণ, রোগ পোকামাকড়ের আক্রমন মাত্রা, Dry matter content, মুল্যায়ন ফরম সংশোধন ইত্যাদি বিষয়ে একটি স্ট্যান্ডার্ড মানদন্ড তৈরী করে আগামী ১ মাসের মধ্যে একটি প্রতিবেদন পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সীর নিকট দাখিল করার জন্য অনুরোধ করেন।

কমিটি নিম্নরুপ:

| | | |
|---|---|---|
| ১। | ড. মোঃ জাহাঙ্গীর হোসেন, পরিচালক, টিসিআরসি, বারি, গাজীপুর- | আহবায়ক |
| ২। | ড. মোঃ আজিজ জিলানী চৌধুরী, সদস্য পরিচালক (শস্য), বিএআরসি, ঢাকা | সদস্য |
| ৩। | ড. মোঃ রেজাউল করিম, যুগ্ম পরিচালক, বিএডিসি, ঢাকা | সদস্য |
| ৪। | ড. মোঃ জাকির হোসেন, উপপরিচালক (সীড রেগুলেশন), এসসিএ,গাজীপুর | সদস্য |
| ৫। | জনাব মানিক চন্দ্র কর্মকার, সহকারী বীজতত্ত্ববিদ, বীজ উইং, কৃষি মন্ত্রণালয়,ঢাকা | সদস্য |
| ৬। | ড. বীরেশ কুমার গোস্বামী, পরিচালক(পঃও মৃঃ),বারি,গাজীপুর | সদস্য |
| ৭। | জনাব মোঃ আবদুল আজিজ, নির্বাহী পরিচালক, বাংলাদেশ সীড এসোসিয়েশন, ঢাকা | সদস্য |
| ৮। | জনাব মোঃ মনিরুল ইসলাম, অতিরিক্ত পরিচালক, ডিএই, ঢাকা | সদস্য |
| ৯। | জনাব উমাকান্ত সরকার, বিভাগীয় প্রধান, বশেমুরকৃবি, গাজীপুর | সদস্য |
| ১০। | জনাব মোঃ শাহজাহান আলী, উপদেষ্টা, পেট্রোকেম বাংলাদেশ (প্রাঃ লিঃ), ঢাকা | সদস্য |

**সিদ্ধান্তঃ ১. বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের কন্দাল ফসল গবেষণা কেন্দ্র কর্তৃক প্রস্তাবিত আলুর ৪টি জাতের মধ্যে Flamenco জাতটি, বারি আলু-৬৯ হিসেবে সারাদেশে চাষাবাদের নিমিত্তে ছাড়করণের জন্য জাতীয় বীজ বোর্ডে সুপারিশ করা হলো।**

**সিদ্ধান্তঃ ২ ফলন কম, রোগ পোকামাকড়ের আক্রমন বেশী এবং প্রক্রিয়াকরণ জাত হিসেবে Dry matter content কম থাকায় Destiny, Crips 4 all এবং Dolly জাতগুলোর ছাড়করণের জন্য জাতীয় বীজ বোর্ডে সুপারিশ করা হয়নি।**

**আলোচ্য বিষয় ৩: Seed Health Standard নির্ধারণের জন্য গঠিত উপ-কমিটির রিপোর্ট পর্যালোচনা**

সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে জনাব মোঃ শাহজাহান আলী, উপদেষ্টা, পেট্রোকেম বাংলাদেশ (প্রাঃলিঃ), পাওয়ার পয়েন্টের মাধ্যমে আলু ও গমের Seed Health Standard উপস্থাপন করেন। তিনি জানান যে, চারটি নোটিফাইড ফসল যথা ধান,গম, আলু ও পাট নিয়ে এ কমিটি কাজ করছে। পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী এ বিষয়ে সকলের মতামত জানতে চান, এ প্রেক্ষিতে ড. মোঃ রেজাউল করিম জানান, রিপোর্টে PLRVএর Standard জাতীয় বীজ বোর্ডের অনুমোদিত Seed Standard এর অনুরুপ। পরিচালক, আলু গবেষণা কেন্দ্র, বারি, বলেন, রিপোর্টে soil borne disease সম্পর্কে কোন তথ্য নাই। এ প্রেক্ষিতে ড. বীরেশ কুমার গোস্বামী, পরিচালক, (পঃ ও মূঃ) বারি, গাজীপুর বলেন, যেহেতু Seed Health Standard নিয়ে কাজ করা হচ্ছে, তাই বীজ বাহিত রোগের উল্লেখ করা হয়েছে। পরিচালক (গবেষণা), বিএসআরআই বলেন, ইক্ষু নোটিফাইড ফসল হওয়া সত্ত্বেও কেন এর সীড হেল্থ স্ট্যান্ডার্ড নিয়ে কাজ করা হচ্ছে না । তিনি পরবর্তীতে ইক্ষু ফসল অন্তর্ভূক্ত করার অনুরোধ জানান। পরিচালক (কৃষি), বিজেআরআই বলেন, পাটের কোন প্রতিবেদন উপস্থাপিত হয়নি। এ প্রেক্ষিতে জনাব শাহজাহান আলী জানান, ধান এবং পাটের পরীক্ষা কাজ এখনও শেষ হয়নি, তাই উপস্থাপন করা সম্ভব হয়নি। সভাপতি মহোদয় জানান, যেহেতু ৪টি ফসলের মধ্যে ২টি ফসলের Seed Health Standard উপস্থাপন করা হয়েছে। তাই প্রতিবেদনটি আংশিক হিসাবে গণ্য করা যায়। উপস্থাপিত প্রতিবেদনটির প্রাথমিক তথ্যাদির বিস্তারিত ব্যাখ্যা না থাকায় সকলের নিকট ভাল ভাবে বোধগম্য হয়নি।

মহাব্যবস্থাপক (বীজ) বলেন যে, আংশিক ভাবে না করে ৪টি ফসলের একসংগে রেফারেন্সসহ প্রতিবেদন তৈরী করে এনএসবি তে সুপারিশ করলে ভাল হয়।

**সিদ্ধান্তঃ গম ও আলু ফসলের Seed Health Standard এর রেফারেন্সসহ একটি প্রতিবেদন তৈরী করে পরবর্তী কারিগরী কমিটি, জাতীয় বীজ বোর্ড এর সভায় উপস্থাপনের জন্য Seed Health Standard কমিটিকে অনুরোধ করা হয়।**

**আলোচ্য বিষয়:৪ বিবিধ:**

**১। হাইব্রিড ধানের জাত মূল্যায়ন ও নিবন্ধিকরণ সংশোধনী পদ্ধতি অনুমোদন।**

পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী, ড. মোঃ জাকির হোসেন, উপ পরিচালক (সীড রেগুলেশন), বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর কে এ বিষয়ে উপস্থাপনের জন্য আহবান করেন। ড. মোঃ জাকির হোসেন জানান যে, কারিগরী কমিটির সভায় এ বিষয়ে এর আগে কয়েকবার বিস্তারিত আলোচনা হয়েছে এবং কিছু কিছু সংশোধন করা হয়েছে। এ বিষয়ে বরিশাল অঞ্চলকে বাধ্যতামূলকভাবে অন্তর্ভুক্ত করা হয়েছে। পরিচালক, সরেজমিন উইং, ডিএই বলেন যে, আইপি থাকা জরুরী এ ক্ষেত্রে রিলিজ অর্ডার দরকার নেই। তবে সভাপতি মহোদয় বলেন যে, কোয়ারেন্টাইন নীতিমালার সাথে সামঞ্জস্য থাকা দরকার। বিস্তারিত আলোচনার পর নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্তঃ হাইব্রিড ধানের জাত মূল্যায়ন ও নিবন্ধিকরণ সংশোধনী পদ্ধতি অনুমোদনের জন্য জাতীয় বীজ বোর্ড এ অনুমোদনের জন্য সুপারিশ করা হলো।**

২)	**ভিত্তি -১ থেকে ভিত্তি- ২ শ্রেণীর ধান বীজ উৎপাদন ও বাজার জাতকরণের নীতিমালা বিষয়ে সুপারিশ সমূহ আলোচনা।**

পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী, ড. মোঃ জাকির হোসেন, উপ পরিচালক (সীড রেগুলেশন), বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুরকে এ বিষয়ে উপস্থাপনের জন্য আহবান করেন।

ড. মোঃজাকির হোসেন বলেন যে, গত সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং সকলের মতামতের ভিত্তিতে অনুমোদন সাপেক্ষে এনএসবিতে সুপারিশ করা হয়েছিল কিন্তু এনএসবি পুনরায় অধিকতর যাচাই বাছাইয়ের জন্য কারিগরী কমিটিতে উপস্থাপনের জন্য সিদ্ধান্ত রয়েছে। পরিচালক, সরেজমিন উইং, ডিএই বলেন, ভিত্তি থেকে ভিত্তি-১ বিক্রি করা যাবে না। নিজস্ব খামার ব্যতিত বিএডিসিকে কন্ট্রাক ফার্মাস এর মাধ্যমে অনুমতি দেয়া ঠিক হবে না। জনাব মোঃ শাহজাহান আলী, উপদেষ্টা, পেট্রোকেম বাংলাদেশ (প্রাঃলিঃ) গম ফসলকে অর্ন্তভূক্ত করে সংশ্লিষ্ট কমিটির আর একটি সভা করার অনুরোধ জানান। বিস্তারিত আলোচনার পর নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্তঃ গম গবেষণা কেন্দ্র, বারি এর একজন প্রতিনিধিসহ গম বীজ ফসল অর্ন্তভূক্ত করে সংশ্লিষ্ট কমিটি আরোও একটি সভায় পর্যালোচনা করে পরবর্তী কারিগরী কমিটির সভায় প্রতিবেদন উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়।**

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মতোদয় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন ।

২২/০২/২০১৬

(মোঃ সোলায়মান আলী)
পরিচালক (ভারপ্রাপ্ত)
বীজ প্রত্যয়ন এজেন্সী
গাজীপুর
ও
সদস্য সচিব
কারিগরী কমিটি, জাতীয় বীজ বোর্ড
ফোনঃ ৯২৬২৪৪৭
ইমেলঃdir@sca.gov.bd

১১/১/২০১৬

ড. আবুল কালাম আযাদ
নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি
ফার্মগেট, ঢাকা
ও
চেয়ারম্যান
কারিগরি কমিটি, জাতীয় বীজ বোর্ড

**কারিগরী কমিটি, জাতীয় বীজ বোর্ডের বিশেষ সভায় উপস্থিত কর্মকর্তা/প্রতিনিধিগণের স্বাক্ষরের তালিকা:**

**স্থান** : ১নং সম্মেলন কক্ষ, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ফার্মগেইট, ঢাকা।
**তারিখ** : ১০/০১/২০১৬ খ্রি:
**সময়** : সকাল ১০.৩০ ঘটিকা।

| ক্র:নং | কর্মকর্তা/প্রতিনিধিগণের নাম | পদবী ও প্রতিষ্ঠানের নাম | টেলিফোন/মোবাইল/ই-মেইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | ড. মো. জাহাঙ্গীর হোসেন | [illegible], বারি | 01715977347 jaiyangjahangir@gmail.com | ১১/০১/১৬ |
| ২ | ড. মো: [illegible] জিলানী চৌধুরী | সদস্য পরিচালক (শস্য) (চ:দা:) বিএআরসি | 01552355393 zilani71@gmail.com | ১১/০১/১৬ |
| ৩ | Md. Shahjahan Ali | Seed Technologist | 01730013391 email: alliedmsali@yahoo.com | 11/1/2016 |
| ৪ | Dr. Md. Rezaul Karim | Joint Director BADC | 01713201041 m.r.karimbadc@gmail.com | 11.01.16 |
| ৫ | Kbd. Abdus Sattar Molla | DDAE (Rtd), Representative A.R. Malik & Co. | 01715033851 | 11.01.16 |
| ৬ | মানিক চন্দ্র কর্মকার | সহকারী বীজতত্ত্ববিদ, বীজ উইং, কৃষি মন্ত্রণালয় | 01718-018710 mckarmoker@gmail.com | 11.01.16 |
| ৭ | Md. Mokbul Hossain Pramanik | RSCO, SCA, Rangpur. | 01712095779 kbdmokbul@yahoo.com | 11.01.16. |

Attendant Sheet

| ক্রঃনং | কর্মকর্তা/প্রতিনিধিগনের নাম | পদবী ও প্রতিষ্ঠানের নাম | টেলিফোন/মোবাইল/ই-মেইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ৯ | মো: সিরাজুল ইসলাম, | জেলা বীজ প্রত্যয়ন কর্মকর্তা, বীজ প্রত্যয়ন এজেন্সী, রাজশাহী। | ০১৭১২২৭৪৮৭১ sirazul_islam35@yahoo.com | [signature] |
| ১০ | মো: মাসুদুর কবীর | কটন এগ্রোনমিস্ট তুলা গবেষণা, প্রশিক্ষণ ও বীজবর্ধন খামার, শ্রীপুর, গাজীপুর। | ০১৮২৪৮৯০৬৯০ jewel_9368@yahoo.com | [signature] 11.1.16 |
| ১১ | ড. বীরেন্দ্র কুমার গোস্বামী | পরিচালক (দা: ৩য়) বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর। | 01813158197 | [signature] 11.01.16 |
| ১২ | (মোঃ মতলুবর রহমান চৌধুরী) | চাষী প্রতিনিধি | 01712819671 | [signature] 11-1-16 |
| ১৩ | মো: আব্দুল আজিজ | নির্বাহী পরিচালক বাংলাদেশ সীড এসোসিয়েশন | ফ্যাক্স 11- 316530 | [signature] 11-1-16 |
| ১৪ | পরেশ কুমার রায় | জেলা বীজ প্রত্যয়ন অফিসার বীজ প্রত্যয়ন এজেন্সী ঠাকুরগাঁও | 01716623735 | [signature] 11.1.16 |
| ১৫ | সাহাবুদ্দিন আহমদ | আঞ্চলিক বীজ প্রত্যয়ন অফিসার বীজ প্রত্যয়ন এজেন্সি চট্টগ্রাম | 01553402618 | [signature] 11/1/16 |
| ১৬ | ড. রহিমা খাতুন | পরিচালক (পুষ্টি) বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট গাজীপুর | 01937399699 rkhatunbjri@yahoo.com | [signature] 11-01-15 |
| ১৭ | মো: মাহবুবুর রহমান সহকারী আঞ্চলিক বীজ প্রত্যয়ন অফিসার | সহকারী আঞ্চলিক বীজ প্রত্যয়ন অফিসার | 01753412040 | [signature] |

| ক্রঃনং | কর্মকর্তা/প্রতিনিধিগণের নাম | পদবী ও প্রতিষ্ঠানের নাম | টেলিফোন/মোবাইল/ই-মেইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১৮ | Niranjan Sarkar | RSCO, Dhaka SCA | 01712616336 | [signature] |
| ১৯ | ডঃ মোঃ [illegible] হোসেন | [illegible] | 01718426260 | [signature] |
| ২০ | ড. বিমল চন্দ্র কুন্ডু | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা [illegible] | 01712681181<br>01552418639 | [signature] |
| ২১ | মোঃ নাসির উদ্দিন | DD(QC), SCA, Gazipur. | 01711-955470 | [signature] |
| ২২ | মো: মেহের আলী | AD (Field Administration planning & Monitoring) SCA, Gazipur | 01711437391 | [signature] |
| ২৩ | ড. মো: জাকির হোসেন | DD (Seed Regulation) SCA, Gazipur-1701 | 01199182324, zhossainsca@gmail.com | [signature] |
| ২৪ | চৈতন্য কুমার দাস | Director (FSW) DAE | 01718456164<br>Kbdekdas@yahoo.com | [signature] |
| ২৫ | মোঃ আমিনুল ইসলাম | ব্যবস্থাপক (বীজ) বিএডিসি | [illegible]<br>gmseed@badc.gov.bd. | [signature] |
| ২৬ | মো: গোলাম কিবরিয়া | উপপরিচালক (বীজ) বীজ উইং, ঢাকা | 01712680266/9552096<br>mdkibria_agric@yahoo.com | [signature] |

Attendant Sheet

| ক্রঃনং | কর্মকর্তা/প্রতিনিধিগনের নাম | পদবী ও প্রতিষ্ঠানের নাম | টেলিফোন/মোবাইল/ই-মেইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ২৭ | ড. মো: জালাল উদ্দিন | পরিচালক (গবেষণা) বীজ প্রত্যয়ন এজেন্সি, গাজীপুর | ০২৯২০১২০৬২২ mdjalaluddin1958@gmail.com | ২১/১/১৫ |
| ২৮ | ড. মোহাম্মদ মনিরুজ্জামান | ডিরেক্টর ব্রি, গাজীপুর | ০১৭১৫-৯৫২৫৭৫ zamanmk64@yahoo.co.uk | ২১/১/২০১৫ |
| ২৯ | উমাকান্ত সরকার | বিভাগীয় প্রধান, GPB BSMRAU | 01716606098 umakanta_sarker@yahoo.com | ২১/১/১৫ |
| ৩০ | অশোক কুমার শর্মা | RSCO, SCA বরিশাল | 01745937192 sharmaashoke@ymail.com | ২১/১/১৫ |
| ৩১ | ড. মোঃ আলী আকবর | DSCO, SCA DHAKA | ০২৯১১৮৮৬০৯০ | ২১/০১/১৫ |
| ৩২ | ড. মির্জা মোফাজ্জল ইসলাম | সিএসও এবং বিভাগীয় প্রধান, উদ্ভিদ প্রজনন বিভাগ, বিনা, ময়মনসিংহ | 01716-280720 mirza_islam@yahoo.com | ২১/০১/১৫ |
| ৩৩ | মোঃ সোলায়মান আলী | সহকারী পরিচালক বীজ প্রত্যয়ন এজেন্সি | 01718-708489 | ২১/০১/১৫ |
| ৩৪ | | | | |
| ৩৫ | | | | |

Attendant Sheet